# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ক্যাম্পাস | 05 July, 2025

বিশ্ববিদ্যালয়কেন্দ্রিক যে কোনো সমস্যায় ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (ডুয়া) সবসময় ছাত্রদের পাশে থাকবে বলে জানিয়েছেন ডুয়ার আহ্বায়ক ও বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু।শনিবার (৫ জুলাই) সকালে অ্যালামনাই ফ্লোরে ডুয়ার বৃত্তি প্রদানের লক্ষ্যে সাক্ষাৎকার গ্রহণ কার্যক্রমের উদ্বোধনী সভায় এ কথা বলেন তিনি।

শামসুজ্জামান দুদু বলেন, এখানে যারা আছে সবাই বৃত্তি পাওয়ার যোগ্য।তোমরা সবাই যোগ্য।ঢাকা ইউনিভার্সিটিতে সবাই সুযোগ পায় না। যে কোনো প্রয়োজনে আমাদের অফিসে আসবে।ছাত্রদলের সাবেক এই সভাপতি বলেন, তোমাদের চেহারা দেখে মনে হচ্ছে আমি এখনো ঢাবির ছাত্র।কোনো সময় হতাশ হবে না, কারণ তোমরা ঢাবির ছাত্র, আমরা তোমাদের সঙ্গে আছি।

সাক্ষাৎকার অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ডুয়ার সদস্য সচিব আবদুল বারী ড্যানী, মোস্তাফিজুর রহমান, সিনিয়র সদস্য সৈয়দ আমিনুর রহমান মাইকেল, ডুয়া নিউজের সম্পাদক আবদুস সাত্তার মিয়াজী, সাবেক সংসদ সদস্য নীলোফার চৌধুরী মনি, ডুপডার সাধারণ সম্পাদক মাহফুজা রহমান চৌধুরী বাবলী, অধ্যাপক জাকির হোসেন জামাল, সুভ্রা দেবনাথ প্রমুখ। ৫ জুলাই থেকে অ্যাসোসিয়েশনের অফিসে শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণ শুরু হয়।এরপর ৬, ৯, ১০, ১১ ও ১২ জুলাই সাক্ষাৎকার নেবে অ্যালামনাই অ্যাসোসিয়েশন।প্রতিদিন বেলা ১১টায় সাক্ষাৎকার গ্রহণ শুরু হবে।

প্রথম দিন অর্থাৎ ৫ ও ৬ জুলাই আবেদনকারীদের সাক্ষাৎকার শুরু হয়েছে।যেসব শিক্ষার্থীর আবেদনের ক্রমিক নম্বর ১১০৭ থেকে ১২৬৪ তাদের এই দুই দিনে সাক্ষাৎকার নেওয়া হবে।এদের 'জ' গ্রুপে আখ্যায়িত করা হয়েছে।

৯ ও ১০ জুলাই তিন ধাপে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।৭৯১ থেকে ৯৪৮ (চ গ্রুপ), ৪৭৫ থেকে ৬৩২ (ঘ গ্রুপ) ও ৩১৭ থেকে ৪৭৪ (গ গ্রুপ) ক্রমিক নাম্বারধারী শিক্ষার্থীদের এই দুই দিনে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।১১ ও ১২ জুলাইও তিন ধাপে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।৯৪৯ থেকে ১১০৬ (ছ গ্রুপ), ১৫৯ থেকে ৩১৬ (খ গ্রুপ) ও ১ থেকে ১৫৮ (ক গ্রুপ), গ্রুপ (ঙ) ৬৩৩ থেকে ৭৯০ ক্রমিক নম্বরধারী শিক্ষার্থীদের এই দুই দিনে সাক্ষাৎকার নেওয়া হবে বলে জানিয়েছে অ্যালামনাই অ্যাসোসিয়েশন।

বিশ্ববিদ্যালয় শামসুজ্জামান দুদু শিক্ষার্থী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 07:02

URL: https://timestodaybd.com/public/campus/7758074259